গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

# মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. শেখ আজিজুর রহমান, পরিচালক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার, ডিএলএস।
সভার স্থান : পরিচালক, প্রশাসন মহোদয়ের অফিস কক্ষ।
তারিখ : ফেব্রুয়ারী ২০, ২০২০; রোজ- রবিবার
সময় : সকাল ১০.০০ ঘটিকা
সভায় উপস্থিত সকল কর্মকর্তার নামের তালিকা পরিশিষ্ট-ক তে দেখানো হ'ল।

সভার শুরুতেই সভাপতি প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের উপস্থিত সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এরপর সভাপতি কমিটি'র সদস্য ড. এবিএম মুস্তানুর রহমান-কে আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা আরম্ভ করার জন্য অনুরোধ করেন। ড. এবিএম মুস্তানুর রহমান আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা শুরু করেন-

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | (ক) ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র স্থাপন কার্যক্রম;<br>(খ) স্বপ্ন ছোঁয়া সিঁড়ি কার্যক্রম; | (ক) 'ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র স্থাপন কার্যক্রম' চালুকরণ বিষয়ক আলোচনায় ডা. মো. রফিকুল ইসলাম জানান যে, এ পর্যন্ত দেশব্যাপি মোট ৭৯টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। চলতি ২০১৯-২০ অর্থ বছরে আরও ২৬টি উপজেলায় বাস্তবায়ন করা হবে। ইতোমধ্যে উপজেলা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন নির্বাচন সম্পন্ন হয়েছে। এখন উপকরণ সরবরাহসহ অন্যান্য আনুসাঙ্গিক কাজ বাকী রয়েছে, যা দ্রুত সম্পন্ন করা প্রয়োজন।<br>(খ) প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টীমের সিদ্ধান্ত অনুযায়ী স্বপ্ন ছোঁয়া সিড়ি কার্যক্রম চালু করা যেতে পারে মর্মে ডা. মো. রফিকুল ইসলাম জানান। এক্ষেত্রে দেশব্যাপি ১৯টি উপজেলা ইতোমধ্যে নির্বাচন সম্পন্ন হয়েছে। | (ক) আগামী এক মাসের মধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করত: কার্যক্রম শুরু করতে হবে।<br>(খ) আগামী এক মাসের মধ্যে স্বপ্ন ছোয়ার সিঁড়ি বাস্তবায়নের কার্যক্রম শুরু করতে হবে। | ডা. মো. রফিকুল ইসলাম<br>ড. এবিএম মুস্তানুর রহমান<br>সার্বিক তত্ত্বাবধান-<br>ডা. শেখ আজিজুর রহমান<br>ডা. একেএম আতাউর রহমান |
| ২. | প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা সংক্রান্ত (১দিন/২দিন) | প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা সংক্রান্ত বিষয়ক আলোচনায় ড. মুস্তানুর রহমান সভায় জানান যে, চলতি ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুয়ায়ী ১দিনের কর্মশালা ২টি ব্যাচ (প্রতি ব্যাচে ২৫-৩০জন), ২দিনের প্রশিক্ষণ/কর্মশালা ২টি ব্যাচ (প্রতি ব্যাচে ২৫-৩০জন) আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। এ ব্যাপারে অতি শিঘ্রই প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা জরুরী, তা না হলে এ খাতে যে নম্বর বরাদ্দ রয়েছে তা পাওয়া যাবে না। এ ব্যাপারে সভাপতি আগামী মার্চ মাসের মধ্যেই প্রশিক্ষণ শুরু করার ব্যাপারে তাগাদা প্রদান করেন। | আগামী মার্চ মাসের তৃতীয় সপ্তাহে প্রশিক্ষণ/কর্মশালা শুরু করতে হবে। | ডা. মো. রফিকুল ইসলাম<br>ড. এবিএম মুস্তানুর রহমান<br>ডা. আয়েশা সিদ্দিকা<br>সার্বিক তত্ত্বাবধান-<br>ডা. শেখ আজিজুর রহমান<br>ডা. একেএম আতাউর রহমান |
| ৩. | এস.এম.এস সার্ভিস | এস.এম.এস সার্ভিস বিষয়ক আলোচনায় ডা. মো. রফিকুল ইসলাম সভায় জানান যে, এখন পর্যন্ত বাংলা লিংক মোবাইল অপারেটরের মাধ্যমে এস.এম.এস সার্ভিস | এস.এম.এস সার্ভিস চালু করতে দ্রুত পদক্ষেপ নিতে হবে। | জনাব মো. শামীম হোসন<br>ইউএলও<br>আইসিটি শাখা, ডিএলএস |

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | মাধ্যমে সেবা চালু করার জন্য পদক্ষেপ নেওয়া দরকার। সেক্ষেত্রে আইসিটি শাখায় কর্মরত জনাব মো. শামীম হোসন, ইউএলওকে দায়িত্ব দেওয়া যেতে পারে। | | |
| ৪. | ই-ভেট-সার্ভিস | ই-ভেট-সার্ভিস কার্যক্রম বিষয়ক আলোচনায় সভাপতি জানতে চান এ পর্যন্ত কি কি কাজ হয়েছে এবং এই সার্ভিসের অগ্রগতি কতটুকু? এর জবাবে ডা. মো. রফিকুল ইসলাম জানান যে, ই-ভেট-সার্ভিস সফটওয়ার প্রস্তুত সম্পন্ন হয়েছে এবং নির্ধারিত ২টি উপজেলায় (কাশিয়ানী-গোপালগঞ্জ এবং গাজীপুর সদর) পাইলটিং সম্পন্ন হয়েছে। তবে এ ব্যাপারে বিস্তারিত বলতে পারবেন ড. সৈয়দ আলী আহসান, সহকারি পরিচালক (এল/আর), ডিএলএস। কারণ তিনি এই কার্যক্রমটি শুরু থেকেই অফিসিয়ালী কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করে আসছেন। সুতরাং তাঁর নিকট হতে বিস্তারিত জানা যাবে। এক্ষেত্রে সভাপতি বলেন যে, আগামী মার্চ মাসের যে কোন সুবিধাজনক সময় ই-ভেট-সার্ভিস বিষয়ক বিস্তারিত উপস্থাপনার জন্য ড. সৈয়দ আলী আহসান-কে আহবান করা যেতে পারে। | মার্চ মাসের তৃতীয় সপ্তাহ অথবা পরবর্তী মাসিক সভায় ই-ভেট-সার্ভিস বিষয়ক বিস্তারিত উপস্থাপনা করতে হবে। | ড. সৈয়দ আলী আহসান সহকারি পরিচালক (এল/আর), ডিএলএস। |
| ৫. | পরিদর্শন ও নেলেজ শেয়ারিং সংক্রান্ত | পরিদর্শন ও নেলেজ শেয়ারিং সংক্রান্ত বিষয়ক আলোচনায় সভাপতি বলেন যে, আগামী মাস হতে মাঠ পর্যায়ে চলমান ইনোভেশন কার্যক্রম পরিদর্শনে যাওয়া যেতে পারে। আর নলেজ শেয়ারিং-এর ব্যাপারে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়াধীন অন্যান্য প্রতিষ্ঠানকে ডিএলএস-এর ইনোভেশন টিমের মাসিক সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে অথবা ডিএলএস-এর ইনোভেশন টিমের সদস্যগণ অন্যদের মিটিং-এ যেতে পারে। | মাঠ পর্যায়ে চলমান ইনোভেশন কার্যক্রম পরিদর্শন জোরদার করতে হবে।<br>এখন থেকে পরবর্তী মাসিক সভায় বিএলআরআই ইনোভেশন টিমের সদস্যকে আমন্ত্রণ জানানো হবে। | ডিএলএস ইনোভেশন টিমের সকল সদস্য। |
| ৬. | নূন্যতম একটি ডিজিটাল সেবা তৈরী এবং চালুকরণ | একটি ডিজিটাল সেবা তৈরীর ক্ষেত্রে পেনশন সেবা সহজীকরণ বিষয়ক ডিজিটাল সেবা তৈরী এবং চালু করা যেতে পারে বলে ড. মুস্তানুর রহমান সভায় জানান। | পেনশন সেবা সহজীকরণ বিষয়ক ডিজিটাল সেবা তৈরী এবং চালু করতে হবে। | |
| ৭. | এসআইপি কার্যক্রম:<br>(ক) অফিসিয়াল ফাইল ব্যবস্থাপনা (প্রশাসন/বাজেট/খামার/প্রশিক্ষণ/ এলই/ ইপিডেমিওলজী/এসিআর শাখা);<br>(খ) ডিএলএস-এর সম্মেলন কক্ষের সাউন্ড সিস্টেম চালুকরণ;<br>(গ) ডিজিটাল হাজিরা সিস্টেম;<br>(ঘ) অধিদপ্তরে কর্মরত সকল কর্মকর্তা কর্মচারীর আইডি কাড সরবরাহ;<br>(ঙ) ডিএলএস-এর সম্মেলন কক্ষের জন্য সার্বক্ষণিক ল্যাপটপ সরবরাহ;<br>(চ) পরিষ্কার পরিচ্ছন্নতা; | (ক) ইতোমধ্যেই প্রশাসন শাখা, এলই শাখা এবং ইপিডেমিওলজী শাখায় সুষ্ঠু ফাইল ব্যবস্থাপনার জন্য ফাইল কেবিনেট তৈরী করে দেওয়া হয়েছে। এখন এসকল কাজের বিল পরিশোধ করতে হবে। এছাড়া এখনও যে সকল শাখার কাজ বাকী রয়েছে তা অতি দ্রুত শুরু করা যেতে পারে বলে ড. মুস্তানুর রহমান সভায় জানান।<br>(খ) সম্মেলন কক্ষের সাউন্ড সিস্টেম চালুকরণ বিষয়ে ড. মুস্তানুর রহমান সভায় জানান যে, ইতোমধ্যেই স্থাপন করা হয়েছে। এখন এসকল কাজের বিল পরিশোধ করতে হবে।<br>(গ) অধিদপ্তরের প্রধান ফটকে ডিজিটাল হাজিরা সিস্টেম চালু করা হয়েছে। | (ক) সম্পন্ন কাজের বিল অতিসত্বর প্রদান করতে হবে। বাকী কাজগুলো এই অর্থ-বছরের মধ্যেই সম্পন্ন করতে হবে।<br>(খ) সম্মেলন কক্ষের সাউন্ড সিস্টেমের বিল পরিশোধের পদক্ষেপ নিতে হবে।<br>(ঘ) অধিদপ্তরে কর্মরত সকল কর্মকর্তা কর্মচারীর আইডি কাড প্রদান করতে হবে। | ডা. মো. রফিকুল ইসলাম<br>ড. এবিএম মুস্তানুর রহমান<br>সার্বিক তত্বাবধান-<br>ডা. শেখ আজিজুর রহমান<br>ডা. একেএম আতাউর রহমান |

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কর্মচারীর আইডি কার্ড সরবরাহের কাজ চলমান রয়েছে।<br>(ঙ) ডা. মো. রফিকুল ইসলাম সভায় জানান যে, ডিএলএস-এর সম্মেলন কক্ষে সভা-সেমিনারসহ বিভিন্ন কাজের জন্য সার্বক্ষণিক ল্যাপটপ থাকা জরুরী এবং ইনোভেশন অফিসারের সার্বক্ষণিক ব্যবহারের জন্য একটি ডেক্সটপ কম্পিউটার ক্রয় করা যেতে পারে। এব্যাপারে সভাপতি বলেন যে, ইনোভেশন খাত হতে অতিসত্বর ক্রয় করা যেতে পারে।<br>(চ) অধিদপ্তরের পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য এসআইপি;র আওতায় একজন দৈনিক হাজিরা ভিত্তিক কাজের লোক নেওয়ার ব্যাপারে ডা. মো. রফিকুল ইসলাম প্রস্তাব করেন। এব্যাপারে সভাপতির সম্মতিতে সকলেই একমত পোষণ করেন। উক্ত শ্রমিকের পারিশ্রমিক ইনোভেশন খাত হতে প্রদান করা যেতে পারে। সে ক্ষেত্রে মাসিক ৫০০০.০০ হতে ৮০০০.০ টাকা হতে পারে মর্মে সভাই অনেকেই মত প্রকাশ করেন। | ল্যাপটপসহ প্রয়োজনীয় আনুসাঙ্গিক ক্রয় কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(চ) পরিষ্কার পরিচ্ছন্নতা কাজের জন্য একজন দৈনিক হাজিরা ভিত্তিক লোক নিয়োগ দিতে হবে এবং তার ব্যয় বাবদ মাসিক সর্বোচ্চ ৮০০০.০ (আট হাজার) টাকা প্রদান করা হবে। | |
| ৮. | বিবিধ:<br>(ক) প্রাণিসম্পদ সম্প্রসারণ ম্যানুয়েল প্রস্তুতকরণ;<br><br>(খ) বৈদেশিক শিক্ষা সফর; | (ক) প্রাণিসম্পদ সম্প্রসারণ ম্যানুয়াল প্রস্তুতকরণের বিষয়ে কমিটি'র সদস্য ডা. মলয় কুমার সুর উপস্থাপন করেন। তিনি বলেন এটি দ্রুত প্রকাশ করা দরকার। এ ব্যাপারে সভাপতি বলেন যে, এই ম্যানুয়াল প্রস্তুত করতে যে খরচ হবে তা ইনোভেশন ফান্ড থেকে মেটানো যেতে পারে।<br>(খ) বৈদেশিক শিক্ষা সফর সংক্রান্ত বিষয়ে সভাপতি বলেন যে, যথাসময়ে এটি আয়োজন করা হবে। এক্ষেত্রে অন্যান্য প্রতিষ্ঠান/সংস্থা কি ভাবে আয়োজন করছে সে ব্যাপারে খোঁজ খবর নেওয়া যেতে পারে। | (ক) প্রাণিসম্পদ সম্প্রসারণ ম্যানুয়াল প্রস্তুতকরণে যে খরচ হবে তা ইনোভেশন ফান্ড থেকে করা হবে।<br>(খ) আগামী এপ্রিল/মে মাসে বৈদেশিক শিক্ষা সফর আয়োজন করতে হবে। এক্ষেত্রে ৫ (পাঁচ) সদস্যের টিম হবে, যেখানে ইনোভেশন টিমের সদস্য ও মাঠ পর্যায়ের ইনোভেটর থাকবে। | (ক) ডা. মলয় কুমার সুর<br><br>(খ) ডা. শেখ আজিজুর রহমান এবং ড.এবিএম মুস্তানুর রহমান |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার তাগাদা দিয়ে এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

25/02/2020

(ডা: শেখ আজিজুর রহমান)
পরিচালক (প্রশাসন)
ও ইনোভেশন অফিসার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

20.02.2020

সদয় জ্ঞাতার্থে অনুলিপি-

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
২। জনাব মোঃ তৌফিকুল আরিফ, যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। অফিস কপি